দৈনিক জনকণ্ঠ

৩৭

তারিখ 26 DEC 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা নিয়ে নতুন ওয়ার্ড

শরিফুজ্জামান পিন্টু

ঢাকা সিটি কর্পোরেশন এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকাকে নিয়ে একটি নতুন ওয়ার্ড গঠন করেছে। আগে এ এলাকা ৬৪ নং ওয়ার্ডের অন্তর্ভুক্ত ছিল।

এদিকে নির্বাচনকে কেন্দ্র করে সরগরম হয়ে উঠেছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। বিশ্ববিদ্যালয়ের প্রায় দশ হাজার ছাত্র-ছাত্রীসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করবেন।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মেয়র পদের চেয়ে কমিশনার পদ

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

*(প্রথম পৃষ্ঠার পর)*

নিয়ে বেশি তোড়জোড় চলছে। এই প্রথমবার একজন ছাত্রনেতা কমিনার পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন বলে জানা গেছে।

সূত্র জানায়, ছাত্রদল কেন্দ্রীয় কমিটি সদস্য এবিএম মোশাররফ হোসেন বিএনপি'র প্রার্থী হিসাবে মনোনয়ন পেতে পারেন। ছাত্রদলের পক্ষ থেকেও বিএনপি হাইকমান্ডের কাছে এ দাবি জানানো হয়েছে। কমিশনার পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সম্ভাব্য অন্যান্য প্রার্থীর মধ্যে রয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী সমিতির সহ-সভাপতি রুস্তম আলী, খাজা হাবিব ও ননী তালুকদার। প্রায় তিনবছর ধরে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ভোটদানের অধিকার থেকে বঞ্চিত রয়েছেন। তাই এবারের সিটি কর্পোরেশনের নির্বাচনে ছাত্রদের অংশগ্রহণ এবং উৎসাহ উদ্দীপনা আগের তুলনায় অনেক বেশি হবে বলে ধারনা করা হচ্ছে।